West Bengal State University

B.A./B.Sc./B.Com (Honours, Major, General) Examinations, 2014

PART – I

বাংলা — সাম্মানিক

প্রথম পত্র

সময় : ৪ ঘণ্টা পূর্ণমান : ১০০

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

১। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কোন্ সময়ে রচিত ? কোন্ কবির রচনা ? কাব্যটির আলোচনা প্রসঙ্গে কবির কৃতিত্ব ব্যাখ্যা করো । কাব্যটির গুরুত্বের দিকগুলি নির্দেশ করো। ১ + ১ + ৮ + ৫

অথবা

চৈতন্যদেবকে অবলম্বন করে মধ্যযুগে জীবনী কাব্যরচনার কারণ কী ? দুটি প্রধান চৈতন্য জীবনীকাব্য ও তার রচয়িতাদ্বয়ের পরিচয় উদ্ধার করো। ৩ + ৬ + ৬

অথবা

'মনসামঙ্গল' কাব্য-কাহিনীর পরিচয় দাও । এই কাব্যধারায় উত্তর চব্বিশ পরগনার একজন কবির কৃতিত্ব নির্দেশ করো। $৭\frac{১}{২} + ৭\frac{১}{২}$

২। বাংলা গদ্য সাহিত্যের ইতিহাসে 'দিগদর্শন' থেকে 'বঙ্গদর্শন' পর্যন্ত সাময়িক পত্রের ভূমিকা ও অবদান নির্ণয় করো। ১৫

ঈশ্বর গুপ্তকে যুগসন্ধির কবি বলার কারণ নির্দেশ করো। তাঁর কবি-কৃতিত্ব বিচার করো। ৫ + ১০

অথবা

নাট্যকার রামনারায়ণ তর্করত্নের নাট্যকৃতির পরিচয় উদ্ধার করো।

৩। বাংলা উপন্যাসের ধারায় বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্বের পরিচয় দাও।

অথবা

বাংলা কাব্যে কবি সুভাষ মুখোপাধ্যায় **অথবা** কবি সুকান্ত ভট্টাচার্যের কৃতিত্ব নির্ণয় করো। ১৫

অথবা

ছোটো গল্পকার সুবোধ ঘোষ-এর কৃতিত্ব নির্দেশ করো।

৪। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ ১ × ১০ = ১০

ক) চৈতন্য পূর্ব ও চৈতন্য পরবর্তী যুগের পদাবলী সাহিত্যের প্রধান প্রধান পার্থক্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

খ) কবি হিসাবে হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্ব বিচার করো।

গ) ছোটো গল্পকার হিসাবে মানিক বন্দ্যোপাধ্যায়ের প্রতিভার পরিচয় দাও

৫। প্রতি গুচ্ছ থেকে **একটি** করে যে-কোনো **তিনটি** গ্রন্থের সংক্ষিপ্ত পরিচয় দাও ঃ ৩ × ৫ = ১৫

ক) শিবায়ন, পদ্মাবতী, ধর্মমঙ্গল

খ) বত্রিশ সিংহাসন, আলালের ঘরের দুলাল, সারদামঙ্গল

গ) দিবারাত্রির কাব্য, নবান্ন, চতুরঙ্গ।

৬। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ ১ × ১৫ = ১৫

ক) উপভাষা কাকে বলে ? প্রধান প্রধান উপভাষাগুলির নাম উল্লেখ করে, যে কোনো দুটি উপভাষার ভাষাতাত্ত্বিক পরিচয় দাও। ৩ + ৩ + ৯

খ) বাংলা ভাষায় ধ্বনি-পরিবর্তনের প্রধান প্রধান কারণগুলি উদাহরণসহ ব্যাখ্যা করো। ১৫

গ) প্রাচীন ভারতীয় আর্যভাষা কীভাবে বিবর্তনের মধ্য দিয়ে বাংলাভাষার সৃষ্টি করেছে, তা উদাহরণসহ আলোচনা করো। ১৫

৭। **যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ** ১ × ১৫ = ১৫

ক) **উদাহরণসহ** যে কোনো **পাঁচটির** সংজ্ঞা নির্দেশ করো ঃ ৫ × ৩

সমীভবন, আদি স্বরলোপ, জোড়কলম শব্দ, বিষমীভবন, স্বরাগম, অভিশ্রুতি, লোকনিরুক্তি।

খ) যে কোনো **পাঁচটির** ভাষাতাত্ত্বিক টীকা লেখো ঃ ৫ × ৩

আমড়া, ডুমুর, আস্তাবল, কুলুপ, আঠারো, গবাক্ষ, এগারো, উজবুক, সাঁঝ।

West Bengal State University

B.A./B.Sc./B.Com (Honours, Major, General) Examinations, 2014

PART – I

বাংলা — সাম্মানিক

দ্বিতীয় পত্র

সময় : ৪ ঘন্টা পূর্ণমান : ১০০

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

১। ছোটোগল্প কাকে বলে ? ছোটোগল্পের সাধারণ বৈশিষ্ট্যগুলি কী কী ? উক্ত বৈশিষ্ট্যের আলোকে একটি ছোটোগল্প বিশ্লেষণ করো। ৪ + ১০ + ৬

অথবা

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২ × ১০ = ২০

ক) ঐতিহাসিক উপন্যাসের সংজ্ঞা ও বৈশিষ্ট্য উল্লেখ করে একটি সার্থক ঐতিহাসিক উপন্যাসের পরিচয় দাও।

খ) সামাজিক উপন্যাস বলতে কী বোঝায় ? বাংলা ভাষায় লিখিত একটি সার্থক সামাজিক উপন্যাসের পরিচয় দাও। ৫ + ৫

গ) রাজনৈতিক উপন্যাসের বৈশিষ্ট্য উল্লেখ করে এই ধারার একটি সার্থক বাংলা রাজনৈতিক উপন্যাসের পরিচয় দাও।

ঘ) গোয়েন্দা উপন্যাসের সাধারণ লক্ষণগুলি কী কী ? বাংলা সাহিত্যে এই ধারার একটি সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫ + ৫

২। "ঐতিহাসিক পরিবেশ থাকা সত্ত্বেও চন্দ্রশেখর উপন্যাসটি মূলত সামাজিক ও মনস্তাত্ত্বিক উপন্যাস।" — এই সিদ্ধান্তের সার্থকতা বিচার করো।

অথবা

'চন্দ্রশেখর' উপন্যাসের উপকাহিনীর গুরুত্ব বিচার করো।

খ) 'শেষের কবিতা' উপন্যাসের গঠনশৈলী প্রসঙ্গে অভিজ্ঞ সমালোচক বলেছেন, 'উপন্যাস ও কবিতার জড়োয়া শিল্প'। — এই মন্তব্য কতখানি প্রাসঙ্গিক বিচার করো। ১৫

অথবা

কেতকী ও লাবণ্য চরিত্র আসলে রবীন্দ্রদৃষ্টিতে প্রেমের দুটি বিশেষ রূপের প্রতীক। — আলোচনা করো। $৭\frac{১}{২} + ৭\frac{১}{২}$

গ) 'শ্রীকান্ত' (১ম) উপন্যাসটি কী জাতীয় উপন্যাস তা যুক্তিসহ প্রতিষ্ঠা করো। ১৫

অথবা

'শ্রীকান্ত' (১ম) উপন্যাসের অন্নদাদিদি চরিত্রটি একই সঙ্গে সংস্কারমুক্ত ও সংস্কারবদ্ধ। আলোচনা করো। ১৫

ঘ) 'হাঁসুলীবাঁকের উপকথা' উপন্যাসে কাহারদের জীবনে 'উপকথা'র প্রভাব ও গুরুত্ব নির্ণয় করো। ১৫

অথবা

'হাঁসুলীবাঁকের উপকথা' উপন্যাসে সুচাঁদ চরিত্রটির পরিচয় দিয়ে উপন্যাসে তার ভূমিকা নির্ণয় করো।

৩। ক) "জানি। কিন্তু শুনিয়াছি, লোকে বড়মানুষ হইলে পূর্ব্বকথা ভুলিয়া যায়।" — কে, কাকে একথা বলেছে ? তার একথা বলার কারণ কী ? একথা শুনে শ্রোতার প্রতিক্রিয়াই বা কী ? ১ + ১ + ২ + ১

অথবা

"যদি হুকুম হয়, যদি নৌকা পাই, তবে আমিই যাইব।" — বক্তা কে ? কার হুকুমের কথা বলা হয়েছে ? একথা বলার কারণ কী ? বক্তা সেখানে যেতে চান কেন ? ১ + ১ + ১ + ২

খ) "নতুন অমিত রায় কী-যে কাণ্ড করে বসবে, পুরোনো অমিত রায়ের তা কিছু জানা নেই।" — কে, কাকে একথা বলেছে ? বক্তার এমন বলার কারণ কী ? ১ + ১ + ৩

অথবা

"কোন্ এক সৃষ্টিছাড়া উলটো বুদ্ধিতে এই মেয়েটাকে হঠাৎ মনে হয়েছে এঞ্জেল।" — কে, কাকে একথা বলেছে ? 'এই মেয়েটি' বলতে কোন্ মেয়েটির কথা বলা হয়েছে ? 'সৃষ্টিছাড়া উলটো বুদ্ধি' কথাটির অন্তর্নিহিত অর্থ কী ? ১ + ১ + ১ + ২

গ) "কিন্তু যেতেই বা দেবে না কেন ?" — বক্তা কে ? কাকে, কেন একথা বলেছেন ? উদ্দিষ্ট ব্যক্তির যেতে না দেবার কারণটাই বা কী ? ১ + ১ + ১ + ২

অথবা

"কিন্তু তোমাদের গাড়িতে আমাকে একটু জায়গা দিতে হবে।" — কে, কাকে একথা বলেছে ? বক্তা কেন তাদের গাড়িতে জায়গা চেয়েছেন ? শেষ পর্যন্ত তা তিনি পেয়েছিলেন কী ?

১ + ১ + ১ + ২

"পিপড়ের পালক উঠছে। পিপীলিকার পালক ওঠে মরিবার তরে।" — কোন্ প্রসঙ্গে এই মন্তব্য করা হয়েছে ? উপন্যাসে এই উদ্ধৃতির উৎস কী ? ৩ + ২

অথবা

"জাত মারে কে ? জাত ! জাত যায় পরের এঁটো খেলে, কুড়োয়ে। ছোঁয়া খেলে যায় না।" — উক্তিটি কার ? উক্তিটির প্রসঙ্গ নির্দেশ করো। ১ + ৪